



## কিভাবে আপনি সত্য ধর্মের সন্ধান পেতে পারেন?

সকল ধর্মই কী ঈশ্বরের কাছে সন্তোষজনক, অথবা শুধু একটি মাত্র? (১)

কেন এতগুলি ধর্ম রয়েছে যেগুলি খ্রীষ্টীয় বলে দাবি করে? (২)

সত্য খ্রীষ্টীয় ব্যক্তিদের আপনি কিভাবে শনাক্ত করতে পারেন? (৩-৭)



(মথি ৭:১৫, ২১-২৩; প্রেরিত ২০:২৯, ৩০) সেইজন্যই আমরা এতগুলি বিভিন্ন ধর্ম দেখি যেগুলি খ্রীষ্টীয় বলে দাবি করে। সত্য খ্রীষ্টীয়দের আমরা কিভাবে শনাক্ত করতে পারি?

৩. সত্য খ্রীষ্টীয়দের সবচেয়ে বিশিষ্ট চিহ্নটি হল যে প্রকৃতই তাদের মধ্যে পরস্পরের প্রতি প্রেম থাকবে। (যোহন ১৩:৩৪, ৩৫) তাদের এই ভাবতে শেখানো হয় না যে তারা অন্য জাতি অথবা বর্ণের লোকদের চাইতে উত্তম। অথবা তাদের এও শেখানো হয় না অন্য দেশের লোকদের ঘৃণা করতে। (প্রেরিত ১০:৩৪, ৩৫) তাই তারা যুদ্ধে অংশগ্রহণ করে না। সত্য খ্রীষ্টীয়েরা একে অপরের সাথে ভাই এবং বোনের ন্যায় আচরণ করে।  
—১ যোহন ৪:২০, ২১।

১. যীশু একটি সত্য খ্রীষ্টীয় ধর্মের আরম্ভ করেছিলেন। সুতরাং বর্তমান সময়ে যিহোবা ঈশ্বরের সত্য উপাসকদের অবশ্যই শুধুমাত্র একটি সংগঠন, অথবা দল থাকবে। (যোহন ৪:২৩, ২৪; ইফিসীয় ৪:৪, ৫) বাইবেল শেখায় যে কেবলমাত্র অল্প লোকেই জীবনে যাবার সঙ্কীর্ণ পথে রয়েছে।—মথি ৭:১৩, ১৪।

২. বাইবেল ভাববাণী করেছিল যে প্রেরিতদের মৃত্যুর পরে, ভুল শিক্ষা এবং অখ্রীষ্টীয় অভ্যাসগুলি ধীরে ধীরে খ্রীষ্টীয় মন্ডলীতে প্রবেশ করবে। লোকে বিশ্বাসীদের খ্রীষ্টের পরিবর্তে নিজেদের পশ্চাতে টেনে নিয়ে যাবে।

৪. সত্য ধর্মের আর একটি চিহ্ন হল যে এর সদস্যদের বাইবেলের প্রতি এক গভীর শ্রদ্ধা রয়েছে। তারা একে ঈশ্বরের বাক্য হিসাবে স্বীকৃতি দেয় এবং এটি যা বলে তা বিশ্বাস করে। (যোহন ১৭:১৭; ২ তীমথিয় ৩:১৬, ১৭) মানুষের ধারণাসকল অথবা পরম্পরাগত প্রথাগুলির চাইতে ঈশ্বরের বাক্যকে তারা অধিক গুরুত্বপূর্ণ হিসাবে গ্রহণ করে। (মথি ১৫:১-৩, ৭-৯) তাদের দৈনন্দিন জীবন তারা বাইবেল অনুসারে যাপন

করতে চেষ্টা করে। তাই তারা একটি বিষয়ে প্রচার করে ও তারপর অন্য বিষয়ে অভ্যাস করে, এমন নয়।—তীত ১:১৫, ১৬।


৫. সত্য ধর্মের অবশ্যই ঈশ্বরের নামকে শ্রদ্ধা করাও উচিত। (মথি ৬:৯) যীশু ঈশ্বরের নাম, যিহোবা, অন্যদের কাছে জানিয়েছিলেন। সত্য খ্রীস্টীয়েরাও অবশ্যই তাই করবে। (যোহন ১৭:৬, ২৬; রোমীয় ১০:১৩, ১৪) আপনার সমাজে যারা ঈশ্বরের নাম সম্বন্ধে অপরকে বলে সেই ব্যক্তির কারণে?

৬. সত্য খ্রীস্টীয়েরা অবশ্যই ঈশ্বরের রাজ্য সম্পর্কে প্রচার করবে। যীশু তাই করেছিলেন। তিনি সর্বদাই রাজ্য সম্বন্ধে কথা বলতেন। (লুক ৮:১) তিনি সমস্ত পৃথিবীতে এই একই বার্তা প্রচার করতে তাঁর শিষ্যদের আদেশ দিয়েছিলেন। (মথি ২৪:১৪; ২৮:১৯, ২০) সত্য খ্রীস্টীয়েরা বিশ্বাস করে যে একমাত্র ঈশ্বরের রাজ্যই এই পৃথিবীতে প্রকৃত শান্তি ও নিরাপত্তা নিয়ে আসবে।—গীতসংহিতা ১৪৬:৩-৫।

৭. যীশুর শিষ্যেরা অবশ্যই এই দু'টো জগতের কোন অংশ হবে না।

সত্য খ্রীস্টীয়েরা পরস্পরকে প্রেম করে, বাইবেলকে শ্রদ্ধা করে এবং ঈশ্বরের রাজ্য সম্বন্ধে প্রচার করে

(যোহন ১৭:১৬) জগতের রাজনৈতিক বিষয়গুলি এবং সামাজিক মতবিরোধে তারা জড়িত হয়ে পড়ে না। ক্ষতিকারক আচরণ, অভ্যাস এবং মনোভাবগুলি যা জগতে অতি সাধারণ সেগুলি তারা এড়িয়ে চলে। (যাকোব ১:২৭; ৪:৪) আপনি কি আপনার সমাজে একটি ধর্মীয় দলকে শনাক্ত করতে পারেন যাদের সত্য খ্রীস্টধর্মের এই চিহ্নগুলি রয়েছে?



২৭

